Total Pages : 3 B.A/5th Sem (H)/BEN/23(CBCS)

# 2023

## 5th Semester Examination

## BENGALI (Honours)

### Paper : C 11-T

[নাট্য পাঠ]

[CBCS]

Full Marks : 60 Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

### বিভাগ - ক

যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

১। 'পামরের সঙ্গে আর আলাপ করবো না।' — বক্তা কে? কাকে 'পামর' বলেছেন?

২। নিপাতগঞ্জের ডেপুটি ম্যাজিস্ট্রেট কে ছিলেন? তাঁর বেতন কত ছিল?

৩। 'এমন অমূল্য মুক্তার মালা মর্কটের হস্তে অর্পণ করেছেন? — কোন্ মুক্তার মালার কথা বলা হয়েছে? বক্তা কাকে উদ্দেশ্য করে একথা বলেছেন?

P.T.O.

৪। ‘আর অধিক আপনাকে কী পরিচয় দেব’ — উদ্দিষ্ট ব্যক্তিকে বক্তা কী পরিচয় দিয়েছিলেন?

৫। ‘সধবার একাদশী’ প্রহসনের ক’টি অঙ্ক? প্রতি অঙ্কে ক’টি করে গর্ভাঙ্ক?

৬। ‘যাও দারা। এই নাও পাঞ্জা।’ — কার উক্তি? ‘পাঞ্জা’ কী?

৭। ‘সাজাহান’ নাটকে দেশাত্মবোধক গানটি কোন্ দৃশ্যে আছে? গানটির প্রথম লাইন উদ্ধৃত করো।

৮। ‘পিতৃহারা বালিকা পুত্রহারা বৃদ্ধকে সান্ত্বনা দিচ্ছে।’ — বক্তা কে? বালিকাটি কে ছিল?

৯। ‘তোমার মুখে হাসি, চোখে জল।’ — কার প্রতি কার এই উক্তি?

১০। ‘সাজাহান’ নাটকে ঔরঙ্গজেবের অপর নাম কী ছিল? কার মুখ থেকে এই নামটি প্রথম শোনা যায়?

১১। দইওয়ালার গ্রাম কোন্ পাহাড়ের তলায় ও কোন্ নদীর ধারে অবস্থিত?

১২। ‘এ ছেলেটি ভারি মজার’ — ছেলেটি কে? বক্তার এরূপ ভাবার কারণ কী?

১৩। ‘সে দেশে কোন্ দিক দিয়ে যাওয়া যায়?’ — কে, কোন্ দেশের কথা বলেছিল?

১৪। ‘দাও, আমাকে তোমার পায়ের ধুলো দাও।’ — কে, কাকে একথা বলেছে?

১৫। সুধার মায়ের নাম কী ছিল? তাদের পেশা কী?

## বিভাগ - খ

যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

১৬। 'সধবার একাদশী' প্রহসনে সংলাপের চমৎকারিত্ব সংক্ষেপে বোঝাও।

১৭। 'সধবার একাদশী' প্রহসনে সৌদামিনী চরিত্রের গুরুত্ব লেখো।

১৮। 'সাজাহান' নাটকে দিলদার চরিত্রের নাট্য তাৎপর্য লেখো।

১৯। 'সাজাহান' নাটকে সংযোজিত দু'টি বৈষ্ণবীয় গানের উপযোগিতা লেখো।

২০। 'ডাকঘর' নাটকে প্রহরী চরিত্রের বিশেষ ভূমিকা রয়েছে— তা আলোচনা করো।

২১। 'এরা আমার ঘর অন্ধকার করে দিচ্ছে কেন!' — এরা কারা? উদ্ধৃতাংশটির ব্যাখ্যা দাও।

## বিভাগ - গ

যে-কোনো ***দু'টি*** প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

২২। 'সধবার একাদশী' প্রহসনে নিমচাঁদ চরিত্রের গুরুত্ব বিশ্লেষণ করো।

২৩। ঐতিহাসিক নাটক হিসেবে 'সাজাহান' নাটকের সার্থকতা বিচার করো।

২৪। 'সাজাহান' নাটকে জাহানারা চরিত্রের ভূমিকা কতখানি তা আলোচনা করো।

২৫। 'ডাকঘর' নাটকের শ্রেণিবিচার করো।

---